



ভারতে মন্দিরের দেয়াল ধসে প্রাণ গেল ৬ জনের



সংগৃহীত ছবি

ভারতের মহারাষ্ট্র রাজ্যে প্রবল বৃষ্টি ও বাড়ের মধ্যে একটি মন্দিরের দেয়াল ধসে অন্তত ছয়জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন আরও ১৪ জন। মঙ্গলবার সন্ধ্যায় সাতলি জেলার মোদেওয়াড়ি গ্রামের মার্শদেবী মন্দিরে দুর্ঘটনাটি ঘটে। স্থানীয় পুলিশ জানিয়েছে, প্রতি মঙ্গলবারের মতো সেদিনও মন্দিরে কয়েকশ ভক্তের সমাগম হয়েছিল।

হঠাৎ ভারি বৃষ্টি ও দমকা হাওয়া শুরু হলে অনেকে মন্দিরের সীমানা দেয়ালের পাশে টিনশেডের নিচে আশ্রয় নেন। একপর্যায়ে দেয়ালের একটি অংশ ও টিনশেড ভেঙে পড়ে তাদের ওপর।

ধ্বংসস্তূপের নিচে চাপা পড়ে হতাহত হন বেশ কয়েকজন। পরে উদ্ধার করে আহতদের হাসপাতালে ভর্তি করা হয়। পুলিশ জানিয়েছে, আহতদের চিকিৎসা চলছে।

LENS ASIA